

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
লামাবাজার শাখা, ১৪ ছায়াতরু, লামাবাজার, সিলেট।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লামাবাজার শাখা এর ঋণগ্রহীতা মেসার্স সিলেট অটো রাইস মিল, প্রোপাইটরঃ জনাব শামসুল ইসলাম, পিতা- মৃত অসীম উল্লাহ, ঠিকানাঃ সাং- ৩০৬ শুভেচ্ছা, শেখঘাট, ডাকঘর- সিলেট, থানা- সিলেট সদর, জেলা- সিলেট, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে জনাব মোঃ জুনেদ আহমেদ, মোসাঃ ফাতেমা বেগম এবং শামসুল ইসলাম, ঠিকানা- সাং- ৩০৬ শুভেচ্ছা, শেখঘাট, ডাকঘর- সিলেট, থানা- সিলেট সদর, জেলা- সিলেট, তাহাদের মালিকানাধীন নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০৫.২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,২৩,০৪,১৫৭.৪২ (এক কোটি তেইশ লক্ষ চার হাজার একশত সাতান্ন টাকা এবং পয়সা বিয়াল্লিশ) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

১। জেলা- সিলেট, থানা- সিলেট সদর, জে. এল. নং- এস এ-৯১, মৌজা- সিলেট মিউনিসিপ্যালিটি খতিয়ান নং- এস এ-১৬১১, আর এস- ২৪২২৭, নামজারী- ৬৬৬৩, দাগ নং- এস এ-২৪৬৯, আর. এস-২৪২৩৪, মোট জমির পরিমাণ ৪.০০ শতাংশ এবং তদুপরিষ্কৃত ২ তলা বিশিষ্ট বাণিজ্যিক ভবন।

২। জেলা- সিলেট, থানা- সিলেট সদর, জে. এল. নং- এস এ-৫৮ মৌজা- কালাগুল খতিয়ান নং- এস এ-৩৫১, আর এস-২৪২৫, নামজারী- ১৩৪৫, দাগ নং- এস এ-২২৬৫, আর. এস-৪৫৮৭, মোট জমির পরিমাণ ১০.০০ শতাংশ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২১.০৭.২০১৬ ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ লামাবাজার শাখা, সিলেট এ রক্ষিত বাঞ্চে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ০৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর ১০%, এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লামাবাজার শাখা, সিলেট এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরপত্রদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিকত পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোনো সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি/পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোনো পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোনো প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লামাবাজার শাখা